নিক ইত্তেফাক

৬/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ .....

# মেয়েদের উপবৃত্তি ও কিছু কথা

-বর্তমানে এসএসসি পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা এবং উপবৃত্তি প্রদান পদ্ধতি চালু আছে। ইহাকে এইচএসসি পর্যন্ত বৃদ্ধি করা হইতে পারে। নিঃসন্দেহে উদ্যোগটি প্রশংসাযোগ্য। কিন্তু এ জন্য মেয়েরা যেভাবে লেখাপড়ায় আগাইয়া যাইতেছে, সে তুলনায় ছেলেরা অগ্রসর হইতে পারিতেছে না। আমাদের দেশে অধিকাংশ মানুষই মধ্যবিত্ত বা নিম্নবিত্ত শ্রেণীর। একটি মেয়েকে স্কুলে পাঠাইয়া কোন আর্থিক দায়িত্ব পালন করিতে হইতেছে না বিধায় অভিভাবক তাহাকে স্কুলে পাঠাইতে উৎসাহিত হইতেছেন। পাশাপাশি একটি ছেলেকে স্কুলে পাঠাইলে তাহার বইসহ যাবতীয় খরচ বহন করিতে হয়, যাহা অধিকাংশ অভিভাবকের পক্ষেই বহন করা সম্ভব হয় না। ফলে উপযুক্ত মেধা থাকা সত্ত্বেও প্রাথমিক শিক্ষা সমাপ্ত করিলেও অনেক ছেলের পক্ষে আর পরবর্তী পর্যায়ে শিক্ষা গ্রহণ করা সম্ভব হয় না। বরং শুরু হয় শ্রম বিক্রয়ের পালা। অবশ্য অসাধারণ মেধাবীদের কথা ভিন্ন। ইহাতে মেয়েদের তুলনায় ছেলেরা প্রয়োজনীয় যোগ্যতা অর্জনের অভাবে